গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বড়লেখা, মৌলভীবাজার।
www.baralekha.moulvibazar.gov.bd

স্মারক নং:-০৫.৪৬.৫৮১৪.০০৪.০৩.০১১.২০.১৮৪ তারিখঃ ১৭ ফেব্রুয়ারী, ২০২১ খ্রি.।

# ১৪২৮ বাংলা সনের জন্য হাটবাজার ইজারার দরপত্র আহবান বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১১ খ্রি. তারিখের স্মারক নং- ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ মূলে জারীকৃত সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা-২০১১ এর মর্মানুযায়ী এবং স্মারক নং-৪৬.০৪১.০৩০.০১.০০.০০১. ২০১৮-৯৩, তাং-২০ ফেব্রুয়ারী ২০১৮ খ্রিঃ মূলে জারীকৃত পরিপত্র মোতাবেক বড়লেখা উপজেলাধীন পৌর এলাকা বহির্ভূত হাট বাজার সমূহের ১৪২৮ বাংলা (১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) সনের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে বন্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তিগণকে তফসীলে বর্ণিত সময়ে দরপত্রে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

| দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান | দরপত্র দাখিলের স্থান |
|---|---|
| ১। জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। | ১। জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। |
| ২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বড়লেখা। | ২। পুলিশ সুপারের কার্যালয়, মৌলভীবাজার। |
| ৩। উপজেলা ভূমি অফিস, বড়লেখা । | ৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বড়লেখা । |
| ৪। বড়লেখা থানা, বড়লেখা। | ৪। উপজেলা ভূমি অফিস, বড়লেখা । |
| ৫। সোনালী ব্যাংক, বড়লেখা শাখা। | |

## দরপত্র ফরম ক্রয় ও দাখিল সংক্রান্ত তফসীলঃ-

| পর্যায় ক্রম | দরপত্র সিডিউল বিক্রির শেষ তারিখ ও শেষ সময় | দরপত্র দাখিলের তারিখ ও শেষ সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১য় পর্যায় | ১০/০৩/২০২১ খ্রি.। বিকাল ০৫.০০ টা পর্যন্ত। | ১১/০৩/২০২১ খ্রি.। বেলা ০১.০০ টা। | ১১/০৩/২০২১ খ্রি.। বেলা ০১.৩০ টা। | - |
| ২য় পর্যায় | ২৪/০৩/২০২১ খ্রি.। বিকাল ০৫.০০ টা পর্যন্ত। | ২৫/০৩/২০২১ খ্রি.। বেলা ০১.০০ টা। | ২৫/০৩/২০২১ খ্রি.। বেলা ০১.৩০ টা। | ১ম পর্যায়ে অ-ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য। |
| ৩য় পর্যায় | ০৪/০৪/২০২১ খ্রি.। বিকাল ০৫.০০ টা পর্যন্ত। | ০৫/০৪/২০২১ খ্রি.। বেলা ০১.০০ টা। | ০৫/০৪/২০২১ খ্রি.। বেলা ০১.৩০ টা। | ২য় পর্যায়ে অ-ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য। |
| ৪র্থ পর্যায় | ১১/০৪/২০২১ খ্রি.। বিকাল ০৫.০০ টা পর্যন্ত। | ১২/০৪/২০২১ খ্রি.। বেলা ০১.০০ টা। | ১২/০৪/২০২১ খ্রি.। বেলা ০১.৩০ টা। | ৩য় পর্যায়ে অ-ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য। |

পরিশিষ্ট- ক (১৪২৮ বাংলা সনে ইজারাযোগ্য হাট-বাজারের তালিকা)

| ক্রমিক | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | ১৪২৮ বাংলা সনের সরকারি মূল্য(বিগত ৩বছরের গড় মূল্য সহ ৬% বৃদ্ধি) | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | চান্দগ্রাম বাজার | নিজবাহাদুরপুর | ৩২,৪০,৮০৯/- | ৭২০০/- |
| ০২ | শাহবাজপুর বাজার | উত্তর শাহবাজপুর | ১৭,৮০,৪৪৭/- | ৪২০০/- |
| ০৩ | কানুনগো পুরানবাজার | তালিমপুর | ৬,৩৯,৪১৬/- | ২০০০/- |
| ০৪ | দাসেরবাজার | দাসেরবাজার | ৩,১৬,৬৭৫/- | ১৪০০/- |
| ০৫ | ফকিরবাজার | বর্ণি | ২৭,৭৮৩/- | ৫০০/- |
| ০৬ | দক্ষিণভাগ বাজার | দক্ষিণভাগ(দক্ষিণ) | ২২,২৫৫/- | ৫০০/- |
| ০৭ | বড়খলা বাজার | দক্ষিণভাগ(উত্তর) | ৯,৬০৬/- | ৫০০/- |
| ০৮ | মাহমদতকী বাজার | দক্ষিণভাগ(উত্তর) | ৭,০৬৮/- | ৫০০/- |
| ০৯ | গুদামবাজার | বর্ণি | ৬৮৯/- | ৫০০/- |
| ১০ | পাকশাইল বাজার | বর্ণি | ১০০০/- | ৫০০/- |
| ১১ | ইটাউরি দৌলতপুর বাজার | নিজবাহাদুরপুর | বিজ্ঞ আদালতে বিচারাধীন | ৫০০/- |
| ১২ | মুড়াউল বাজার | দক্ষিণ শাহবাজপুর | ৫৩০/- | ৫০০/- |
| ১৩ | গোয়ালটা বাজার | দাসেরবাজার | ১০০০/- | ৫০০/- |
| ১৪ | ডিমাই বাজার | বড়লেখা সদর | ৩৩,৮৪০/- | ৫০০/- |
| ১৫ | কালিবাড়ী বাজার | বড়লেখা সদর | ৪০৫৪/- | ৫০০/- |
| ১৬ | মুন্সিবাজার | নিজবাহাদুরপুর | ৭৪২/- | ৫০০/- |
| ১৭ | অফিস বাজার | দক্ষিণ শাহবাজপুর | ৯৭,৯৭৮/- | ৫০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | বিছরা বাজার | বড়লেখা সদর | ১০৬০/- | ৫০০/- |
| ১৯ | কানুনগো নতুন বাজার | তালিমপুর | ১০,২৮৭/- | ৫০০/- |
| ২০ | কাঠাতলী বাজার | দক্ষিণভাগ(উত্তর) | ১৪,৪৮৭/- | ৫০০/- |
| ২১ | বড়লেখা পুরান বাজার | বড়লেখা সদর | ৫৩,৫৬৬/- | ৫০০/- |
| ২২ | আজিমগঞ্জ বাজার | সুজানগর | ৭৪,৬২৪/- (সিভিল রিভিশন নং ৪৩৩২/৯৯ মামলায় জড়িত) | ৫০০/- |

## ১৪২৮ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

০১। বাংলা ১৪২৮ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র ১(এক) বৎসর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা প্রদান করা হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহন করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহন করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহনের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মতে টোল আদায় করতে হবে। বিনা রসিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারা গ্রহীতা হাট-বাজারটি অন্যের নিকট সাব-লীজ প্রদান করতে পারবেন না।

১০। ইজারাদার সমস্ত অর্থ (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/-(তিনশত টাকা মাত্র) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার পরিছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষন করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহনযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে ।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন ।

২৭/০৫/২১

(মোঃ শামীম আল ইমরান)
উপজেলা নির্বাহী অফিসার
বড়লেখা, মৌলভীবাজার।
মোবাঃ ০১৭৩০৩৩১০৭৬
unobarlekha@gmail.com

স্মারক নংঃ ০৫.৪৬.৫৮১৪.০০৪.০৩.০০৭.২৩.১৮৪ তারিখ ঃ ১৭/০২/২০২১খ্রিঃ।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৪। একান্ত সচিব, পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়(পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বড়লেখা, মৌলভীবাজার।

সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য

০৬। উপজেলা নির্বাহী অফিসার, (সকল) কুলাউড়া/কমলগঞ্জ/রাজনগর/জুরী/শ্রীমঙ্গল/মৌলভীবাজার সদর ।সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য।
০৭। মেয়র, বড়লেখা পৌরসভা, বড়লেখা, মৌলভীবাজার। অবগতি ও বহুল প্রচারের অনুরোধ সহ।
০৮। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, মীরের ময়দান, সিলেট। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ।
০৯। সহকারী কমিশনার (ভূমি) বড়লেখা, মৌলভীবাজার। অবগতি ও বহুল প্রচারের জন্য।
১০। উপজেলা ........................................................................কর্মকর্তা (সকল) বড়লেখা, মৌলভীবাজার।

অবগতি ও বহুল প্রচারের জন্য।

১১। অফিসার ইনচার্জ, বড়লেখাথানা, বড়লেখা, মৌলভীবাজার, অবগতি ও বহুল প্রচারের জন্য।
১২। সাব-রেজিস্ট্রার, বড়লেখা। অবগতি ও কার্যার্থে।
১৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বড়লেখা শাখা। অবগতি ও কার্যার্থে।
১৪। পোষ্ট মাষ্টার, বড়লেখা পোষ্ট অফিস। অবগতি ও কার্যার্থে।
১৫। চেয়ারম্যান..........................................ইউ/পি (সকল)বড়লেখা, মৌলভীবাজার। বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডসহ হাট-বাজারে ঢোল সহরত ও মাইকিং এর মাধ্যমে বহুল প্রচার করে প্রতিবেদন ৭ (সাত) দিনের মধ্যে অত্র কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হল।
১৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ........................................(সকল) বড়লেখা,মৌলভীবাজার। বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ে নোটিশ বোর্ডসহ ঢোলসহরত ও মাইকিং এর মাধ্যমে বহুল প্রচার করে প্রতিবেদন ৭ (সাত) দিনের মধ্যে অত্র কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা গেল।
১৮। ইজারাদার জনাব..........................................পিতাঃ .............................................................
গ্রাম.............................................ডাক ...................................................................
উপজেলা ......................................জেলা ঃ মৌলভীবাজার। অবগতি ও কার্যার্থে।
১৯। সভাপতি/সম্পাদক............................ বাজার কমিটি, বড়লেখা। অবগতি ও বহুল প্রচারের জন্য।
২০। সম্পাদক, ......................................................পত্রিকা। বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে আগামী /০২/২০২১খ্রিঃ তারিখের মধ্যে পত্রিকার ভেতরের পাতায় একটি মাত্র সংখ্যায় প্রচারের জন্য অনুরোধ করা হলো।
২১। নোটিশ বোর্ড, অত্রাফিস।

১৭/০২/২১

উপজেলা নির্বাহী অফিসার
বড়লেখা, মৌলভীবাজার।